



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখ: ৩০ নভেম্বর ২০১৭ খ্রি:

ববি উপাচার্যের শোক প্রকাশ

বিশিষ্ট মৃত্তিকা বিজ্ঞানী জাতীয় বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের মৃত্তিকাবিজ্ঞান বিভাগের সাবেক অধ্যাপক ড. আমিনুল ইসলাম এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক। এক শোক বার্তায় উপাচার্য মহোদয় বলেন, ড. আমিনুল ইসলাম এর মৃত্যুতে দেশ একজন বিশিষ্ট মৃত্তিকা বিজ্ঞানী, শিক্ষাবিদ এবং একজন নিষ্ঠাবান মানুষকে হারালো, যার শূন্যতা অপূরণীয়। তাঁর সম্পর্কে স্মৃতিচারণ করতে গিয়ে উপাচার্য মহোদয় আরও বলেন, আমি অধ্যাপক ড. আমিনুল ইসলাম এর সরাসরি ছাত্র হিসাবে তাঁর সান্নিধ্যে থেকে মৃত্তিকা বিজ্ঞানের বিভিন্ন শাখায় প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা অর্জনে সক্ষম হয়েছি। তিনি অত্যন্ত উদার মনের একজন মানুষ ছিলেন। মৃত্তিকা বিজ্ঞানে তাঁর অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে। উপাচার্য মহোদয় তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন এবং তাঁর রুহের মাগফিরাত কামনা করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুগ্মি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস